দৈনিক ইত্তেফাক

তারিখ 18 APR 1987 পৃষ্ঠা ৭ কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

022

## ‘পাঠ্যপুস্তকের মানোন্নয়নের চেষ্টা চলিতেছে’

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান গতকাল (শুক্রবার) বলেন, আগামী শিক্ষাবর্ষ ও নূতন বছর হইতে পাঠ্য পুস্তক ও পাঠক্রমের মান উন্নয়নের প্রচেষ্টা চালানো হইতেছে।

বাসস জানায়, বাংলাদেশ ইংরেজী ভাষা শিক্ষক সমিতির (বেলটা) দুইদিনব্যাপী দ্বিবার্ষিক সম্মেলন উদ্বোধনকালে তিনি বলেন: ‘ত্রুটিপূর্ণ বা মন্দ শিক্ষা শিক্ষাহীনতার চাইতেও খারাপ। মন্ত্রী একটি ভাল শিক্ষা ব্যবস্থা, ভাল পুস্তক ও ভাল শিক্ষকের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

সমিতির সভাপতি ডঃ এম, এন, হকের সভাপতিত্বে অনুষ্ঠানে উহার সাধারণ সম্পাদক আবদুস সেলিমও বক্তব্য রাখেন।

জনাব মাহবুব বলেন, কোন ভাষাই বাংলার বিকল্প হইতে পারে না; তবে একইসঙ্গে ইংরেজী ভাষাকে বাদ দেওয়ারও আমাদের কোন ইচ্ছা নাই। তিনি বলেন, ইংরেজী ভাষাকে দেশের সরকারী আন্তর্জাতিক ভাষা হিসাবে গ্রহণ করা হইয়াছে।